

সারাদেশ

নলছিটিতে বাল্যবিবাহ, ইভটিজিং ও মাদক প্রতিরোধে সভা



প্রতিবেদক: ঝালকাঠি প্রতিনিধি

প্রকাশের তারিখ: মঙ্গলবার, ০৬ অক্টোবর ২০২৬, ০১:৩৪ PM



ঝালকাঠির নলছিটিতে বাল্যবিবাহ, ইভটিজিং ও মাদক প্রতিরোধে সচেতনতামূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সকালে উপজেলার দপদপিয়া মাধ্যমিক বিদ্যালয়ের মিলনায়তনে এ সভার আয়োজন করা হয়।

বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি মো. ইকবাল হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি ছিলেন নলছিটি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. তৌহিদুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটির সদস্য রাশেদ খান মিত্র।

সভায় বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থী, অভিভাবক, স্থানীয় সাংবাদিক ও এলাকার গণ্যমান্য ব্যক্তির উপস্থিতি ছিলেন।

প্রধান অতিথির বক্তব্যে ওসি মো. তৌহিদুজ্জামান বলেন, তরুণ প্রজন্মকে মাদক, ইভটিজিং ও বাল্যবিবাহের মতো সামাজিক অপরাধ থেকে দূরে রাখতে সচেতনতার বিকল্প নেই। এসব অপরাধ শুধু একজন শিক্ষার্থীর ভবিষ্যৎ নষ্ট করে না, পুরো সমাজকেও অন্ধকারের দিকে ঠেলে

দেয়। এ ধরনের অপরাধ দমনে পুলিশ প্রশাসন সব সময় তৎপর রয়েছে।

সভাপতির বক্তব্যে মো. ইকবাল হোসেন শিক্ষার্থীদের পড়াশোনার পাশাপাশি নৈতিক শিক্ষায় শিক্ষিত হওয়ার আহ্বান জানান। তিনি যেকোনো সামাজিক অপরাধের বিরুদ্ধে সোচ্চার হতেও শিক্ষার্থীদের পরামর্শ দেন।

সভায় বাল্যবিবাহ, ইভটিজিং ও মাদক প্রতিরোধে পরিবার, শিক্ষক এবং সমাজের সর্বস্তরের মানুষকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

এ বিভাগের আরও খবর



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভিযাচার ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি গ্রামের সূতা...



বালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
বালকাঠির নলছিটিতে দুই কেলি গাঁজাসহ বাকিব হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দপদপিয়া ইউনিয়নে...



শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেক্স কফ সিরাপসহ মো. সবুজ খান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...



ব্রাহ্মণবাড়িয়ায় কিশোর গ্যাংবিরোধী অভিযানে আটক ৪২, পরে মুচলেকায় ছাড়া
ব্রাহ্মণবাড়িয়া শহরে কিশোর গ্যাংবিরোধী বিশেষ অভিযানে ৪২ জনকে আটক করে পুলিশ। অজ্ঞাত বয়সসহ সামাজিক পরিষ্কৃতি
বিবেচনায় মুচলেকা নিয়ে গতকাল লোম....

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/nlchhitite-baljbibah-ibhtijng-o-madk-prtirodhe-sbha>